

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

বাজেট অনুবিভাগ-১, শাখা-৩

www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-১৩৭

তারিখঃ ১২ মাঘ ১৪২২
২৫ জানুয়ারি ২০১৬

পরিপত্র

বিষয়ঃ সরকারি চাকুরিতে নতুন নিয়োগ ও পদোন্নতি এবং ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে প্রাপ্ত টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্তির ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ

জাতীয় বেতন স্কেল ২০১৫-এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর সকল সরকারি চাকুরিজীবির জন্য বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ (Pay fixation) ব্যবস্থার প্রচলন করা হয়েছে, যার মাধ্যমে সকল সরকারি চাকুরিজীবির বেতন ও অন্যান্য তথ্য সম্বলিত একটি নির্ভুল ডাটাবেজ প্রস্তুত হচ্ছে। এ ডাটাবেজ নিয়মিত আপডেট করার স্বার্থে ১ জুলাই, ২০১৫ তারিখে অনলাইনে বেতন নির্ধারণের পর যেসব ক্ষেত্রে বিভিন্ন কারণে মূল বেতনের পরিবর্তন হবে, সেগুলোও বেতন নির্ধারণের জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইট (www.payfixation.gov.bd) ব্যবহার করে অনলাইনে হালনাগাদ করা প্রয়োজন। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্দেশনা জারী করা হলঃ

ক) নতুন নিয়োগ: ১ জুলাই, ২০১৫ তারিখ বা তার পরবর্তীতে সরকারি চাকুরিতে নতুন নিয়োগ পাওয়া প্রত্যেককে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে। অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে নতুন নিয়োগপ্রাপ্ত কোন চাকুরিজীবির বেতন ও ভাতাদি পরিশোধ করা যাবে না;

খ) পদোন্নতি: ১ জুলাই, ২০১৫ তারিখ বা তার পরবর্তীতে পদোন্নতি পাওয়া সকল সরকারি চাকুরিজীবির প্রত্যেককে পদোন্নতিজনিত কারণে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে। অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে কোন চাকুরিজীবিকে পদোন্নতিজনিত কারণে উচ্চতর গ্রেডে বেতন ও ভাতা পরিশোধ করা যাবে না;

গ) ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে প্রাপ্ত টাইম স্কেল ও সিলেকশন গ্রেড: যেসকল সরকারি চাকুরিজীবী ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে টাইম স্কেল বা সিলেকশন গ্রেড পেয়েছেন, তাদের সকলকে প্রতিটি প্রাপ্ত সুবিধার জন্য আলাদা আলাদা করে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে। কোন চাকুরিজীবী এ সময়ের মধ্যে একাধিক সুবিধা পেয়ে থাকলে যে সুবিধাটি তিনি আগে পেয়েছেন, প্রথমে তার জন্য একবার বেতন নির্ধারণ করতে হবে ও পরবর্তী সুবিধার জন্য পুনরায় বেতন নির্ধারণ করতে হবে। অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে কোন চাকুরিজীবিকে টাইম স্কেল বা সিলেকশন গ্রেড প্রাপ্তির কারণে উচ্চতর গ্রেডে বেতন ও ভাতা পরিশোধ করা যাবে না;

ঘ) অন্য যে কোন কারণে বেতন গ্রেড বা মূল বেতনের পরিবর্তন: উপর্যুক্ত ক্ষেত্রসমূহ ছাড়া সময়ে সময়ে জারিকৃত সরকারি আদেশ বা অন্য কোন কারণে বেতন গ্রেড বা মূল বেতন পুনঃনির্ধারণের ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসরণ করে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে।

০২। অনুষঙ্গ-১ এ বর্ণিত কার্যক্রমের জন্য যে ওয়েবসাইট-টি প্রস্তুত করা হয়েছে, তা শীঘ্রই সকলের ব্যবহারের জন্য চালু করা হবে। এটি চালু না হওয়া পর্যন্ত নতুন নিয়োগ ও পদোন্নতি এবং ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে প্রাপ্ত টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্তির কারণে উচ্চতর গ্রেডে বা একই গ্রেডে উচ্চতর ধাপে বেতন ও ভাতা পরিশোধ করা স্থগিত থাকবে। তবে, অনলাইন বেতন নির্ধারণ প্রক্রিয়া সম্পন্ন হয়ে গেলে, সকলে প্রাপ্য অতিরিক্ত বেতন যথানিয়মে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন।

